যুগান্তর
প্রিন্ট: ১৩ জুন ২০২৬, ০৪:১৮ পিএম

সারাদেশ

# লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ১ম উপাচার্য ড. হানিফ

Advertisement

লক্ষ্মীপুর প্রতিনিধি
প্রকাশ: ০৮ জুন ২০২৬, ০৭:৪২ পিএম



অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ




## ফিফা ফুটবল বিশ্বকাপ ২০২৬

### আজকের ম্যাচ

রবিবার ১৪ জুন ২০২৬

পরবর্তী খেলা — গ্রুপ বি — রাত ১টা

কাতার – সুইজার...

লিভাইস স্টেডিয়াম, সান ফ্রান্সিসকো, যুক্তরাষ্ট্র

### পরবর্তী খেলাসমূহ

রবিবার ১৪ জুন ২০২৬ — [গ্রুপ সি] ভোর ৪টা

ব্রাজিল – মরক্কো

মেটলাইফ স্টেডিয়াম, নিউজার্সি, যুক্তরাষ্ট্র

রবিবার ১৪ জুন ২০২৬ — [গ্রুপ সি] সকাল ৭টা

হাইতি – স্কটল্যান্ড

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

মন্ত্রিপরিষদ সভায় লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (লবিপ্রবি) অনুমোদনের পর এবার উপাচার্য নিয়োগ দিয়ে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। নতুন এই বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য হিসেবে অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ ৪ বছরের জন্য নিয়োগ পেয়েছেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে রোববার (৭ জুন) সহকারী সচিব মো. শাহ আলম সিরাজ স্বাক্ষরিত প্রজ্ঞাপনের মাধ্যমে বিষয়টি নিশ্চিত হওয়া গেছে।

সোমবার (৮ জুন) সকালে প্রজ্ঞাপনটির কপি ফেসবুকে পোস্ট করে পানিসম্পদ মন্ত্রী শহীদ উদ্দীন চৌধুরী এ্যানি ও নতুন বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্যকে অভিনন্দন জানিয়েছেন বিভিন্ন মহল।

হানিফ মুরাদ নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ফলিত গণিত বিভাগের অধ্যাপক এবং ট্রেজারার ছিলেন।

প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়, রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ড. হানিফকে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের শর্তানুসারে নোবিপ্রবির ট্রেজারার পদ থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে। একইসঙ্গে তাকে লক্ষ্মীপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর পদে নিয়োগ দেওয়া হয়।

প্রজ্ঞাপনে উপাচার্যের জন্য কয়েকটি শর্ত দেওয়া হয়েছে। তা হলো- উপাচার্য পদে তার নিয়োগের মেয়াদ যোগদানের দিন থেকে ৪ বছর অথবা অবসর গ্রহণের দিনের মধ্যে যা পূর্বে ঘটে সেই সময় পর্যন্ত তিনি স্বীয় পদে বহাল থাকবেন। তিনি তার বর্তমান পদের সমপরিমাণ বেতন-ভাতাদি পাবেন, বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন, বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন এবং রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যেকোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।